

ঘুষের অভিযোগে চবি ডেপুটি রেজিস্ট্রার সাময়িক বরখাস্ত


চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

২০ মে, ২০২৫ ১৯:৩৬

শেয়ার

অ +

অ -



সংগ্রহীত ছবি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ডেপুটি রেজিস্ট্রার (নিরাপত্তা) মো. গোলাম কিবরিয়াকে আর্থিক লেনদেনে সপ্তক্ষণ থাকায় সাময়িক বরখাস্ত করা হয়েছে।

মঙ্গলবার (২০ মে) চবি রেজিস্ট্রার (ভারপ্রাণ) প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলামের স্বাক্ষরকৃত একটি চিঠি থেকে ডেপুটি রেজিস্ট্রারকে (নিরাপত্তা) সাময়িক বরখাস্তের তথ্যটি জানা যায়।

চবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোহাম্মদ সাইফুল ইসলাম কালের কঠকে বলেন, ফেসবুকে ভাইরাল হওয়া একটি ভিডিওতে গোলাম কিরিয়াকে নিরাপত্তার কাজে নিয়োজিত জেরিন গ্রহপের একজন থেকে টাকা দাবি করার বিষয়টি দেখা যায়। এর পরিপ্রেক্ষিতে আর্থিক লেনদেনের অভিযোগে তদন্ত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে তাকে সাময়িক বরখাস্ত করা হয় এবং ড. রেজাউল আজিমকে প্রধান করে এক সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী জীবিকা ভাতা পাবেন বলে অফিস আদেশে জানানো হয়েছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম এ আদেশটি জারি করেছেন।